

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজশাহী | 24 April, 2025

জাতীয় নির্বাচন নিয়ে গভীর ষড়যন্ত্র শুরু হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ব্যারিস্টার রুমিন ফারহানা।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) দিনাজপুর শহরে একটি কমিউনিটি সেন্টারে কর্মশালায় এ মন্তব্য করেন তিনি।

রুমিন ফারহানা বলেন, নির্বাচন নিয়ে টালবাহানা শুরু হয়েছে, গভীর ষড়যন্ত্র শুরু হয়েছে। অন্তর্বর্তী সরকার নির্বাচন নিয়ে কখনো বলে ডিসেম্বর, কখনো বলে মার্চ, আবার কখনো বলে জুনের মধ্যে। এই সরকার তো কখনো নির্বাচন করেনি। আর নির্বাচন করবেও না।

তিনি বলেন, জুলাই অভ্যুত্থানের মেডেট নিয়েই তারা এখন পাঁচ বছর থাকতে চায়।

বিএনপি জনগণের পালস বুঝে রাজনীতি করে উল্লেখ করে রুমিন ফারহানা বলেন, আপসহীন নেত্রী বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের ওপর যে নির্যাতন হয়েছে, এরপরও বিএনপি আওয়ামী লীগ সরকারের পাতানো নির্বাচনে যাবেনি।

দিনাজপুর জেলা বিএনপির সভাপতি মোফাজ্জল হোসেন দুলালের সভাপতিত্বে কেন্দ্রীয় বিএনপির প্রচার সম্পাদক সুলতান সালাউদ্দিন টুকু এবং প্রশিক্ষক অধ্যাপক ডা. মুউদুদ হোসেন পাভেল, শারমিন ফারহানা পুতুলসহ অনেকেই বক্তব্য রাখেন।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:55

URL: <https://timestodaybd.com/rajshahi/1411775807>